

ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ

বগুড়া শাখা, বগুড়া।

বন্ধকী সম্পত্তি নিলাম বিক্রয়ের দরপত্র বিজ্ঞপ্তি (অর্থক্ষণ আদালত আইন ২০০৩ এর ১২ ধারা মোতাবেক)

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, বগুড়া শাখা, বগুড়া এর ঋণগ্রহীতা মেসার্স দত্ত ট্রেডার্স, প্রোপাইটর-জনাব সমীর প্রসাদ দত্ত, পিতা-মৃত শ্যামা প্রসাদ দত্ত, ঠিকানাঃ রাজা বাজার, থানা ও জেলা-বগুড়া কর্তৃক গৃহীত ঋণের জামানত হিসাবে নিম্ন তফসিলভুক্ত সম্পত্তিসমূহ রেজিস্ট্রিকৃত বন্ধকী দলিলমূলে ব্যাংকের নিকট বন্ধক রাখা আছে এবং রেজিস্ট্রিকৃত আমমোক্তার দলিলমূলে নিম্ন তফসিলভুক্ত সম্পত্তিসমূহ আদালতের আদেশ ছাড়াই বিক্রয়ের ক্ষমতা ব্যাংককে প্রদান করা আছে। ঋণগ্রহীতা মঞ্জুরীপত্রের শর্ত মোতাবেক ঋণ পরিশোধ না করায় বিগত ৩১/০৮/২০১৪ ইং তারিখ পর্যন্ত খেলাপীঋণ বাবদ ব্যাংকের পাওনা মোট ৪৭,৫৯,২৭,৫৯৫.৮৫(সাতচল্লিশ কোটি ঊনষাট লক্ষ সাতাশ হাজার পাঁচশত পাঁচাল্লব্বই টাকা পঁচাশি পয়সা) টাকা সহ অন্যান্য আনুসঙ্গিক খরচ ও আদায়কালতক সুদ আদায়ের নিমিত্তে তফসিলভুক্ত সম্পত্তি সমূহ এবং তদুপরিষ্ক স্থাপনাদি নিলামে বিক্রয়ের জন্য আগ্রহী ক্রেতাদের নিকট হইতে নিম্ন বর্ণিত শর্তাদিতে সাদা কাগজে/প্যাডে স্বাক্ষরী ঠিকানাসহ পূর্ণাঙ্গ ঠিকানা উল্লেখ পূর্বক সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে।

বন্ধকী সম্পত্তি সমূহের তফসিল

- ১। জেলা-বগুড়া, থানা-কাহালু, মৌজা-নাডুয়া, জে.এল. নং-৪২, এম আর আর খতিয়ান নং-৫০,৮৫, দাগ নং-১৮৫/৫০০, ২২৩/৫১৯, ২০৮/৪৭৯, ২০৯/৪৭৯, মোট জমির পরিমাণ ১.২৩ একর বা ১২৩ শতাংশ।
- ২। জেলা-বগুড়া, থানা-কাহালু, মৌজা-বাগদুবড়া, জে.এল. নং-৪৪, এম আর আর খতিয়ান নং-৭৪, দাগ নং-২৬, মোট জমির পরিমাণ ১.৬০ একর বা ১৬০ শতাংশ।
- ৩। জেলা-বগুড়া, থানা- বগুড়া, মৌজা-নিশিন্দারা, জে.এল.নং-৮০, এম আর আর খতিয়ান নং-২৫৩, ১০৯, ৯৭৯, ৯৮৬, ৯৮১ দাগ নং- ১৮৩২, ১৮৩৫, ১৮৩৯, ১৮৪০, ১৮৪১ মোট জমির পরিমাণ ৮.২৮ শতাংশ।
- ৪। জেলা-বগুড়া, থানা- বগুড়া, মৌজা-কাটনারপাড়া, জে এল নং-৮৪ এম আর আর খতিয়ান নং-৭১১ দাগ নং-৪৯৫, ৪৯৬, ৪৯৭ মোট জমির পরিমাণ ৬.৫৪ শতাংশ।
- ৫। জেলা-বগুড়া, থানা-শাজাহানপুর, মৌজা-গন্ডগ্রাম, জে এল নং-১৩৮ এম আর আর খতিয়ান নং-৩২২, ২৬৮, ৩২৪, ২৫১, ৩৪৭, ১৫৮, ১৭৩, ১৭০, ৪০৬ দাগ নং- ২২৪৬, ২২৩৬, ২২৩৭, ২৩১৩, ২২৪৮, ২৩১৪, ২২৩৫, ২২২৯ মোট জমির পরিমাণ ২৬১.৮৩ শতাংশ।
- ৬। জেলা-বগুড়া, থানা-বগুড়া, মৌজা-সুত্রাপুর, জে এল নং-৮২, সিএস খতিয়ান নং-৭২৬, এম আর আর খতিয়ান নং-৯৮২ দাগ নং-১২৯৭ মোট জমির পরিমাণ ৬.২৫ শতাংশ।

নিলামের শর্তাবলী

- (১) আগামী ১২/১০/২০১৪ ইং বিকাল ৩.৩০ ঘটিকার মধ্যে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, বগুড়া শাখা, বগুড়া এ রক্ষিত বাসে সরাসরি অথবা রেজিস্ট্রিকৃত ডাকযোগে দরপত্র জমা দিতে হইবে এবং ঐ দিনই ৪.০০ টার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হইবে।
- (২) প্রত্যেক দরপত্রদাতা উদ্ধৃত দর এর ১০% সমপরিমাণ টাকা জামানত স্বরূপ, ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, বগুড়া শাখা, বগুড়া এর অনুকূলে দরপত্রের সহিত দাখিল করিবেন।
- (৩) অনূর্ধ্ব ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিবসের মধ্যে ১০,০০,০০০/- (লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনূর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৬০ (ষাট) দিবসের মধ্যে, এবং ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৯০ (নব্বই) দিবসের মধ্যে দরদাতা সমুদয় মূল্য পরিশোধ করিবেন এবং তাহা করিতে ব্যর্থ হইলে জামানতের টাকা বাজেয়াপ্ত হইবে। প্রথম সর্বোচ্চ দরপত্রদাতার জামানত বাজেয়াপ্ত হইলে ব্যাংক কর্তৃপক্ষ দ্বিতীয় সর্বোচ্চ দরপত্রদাতাকে সম্পত্তি ক্রয়ে আহবান করিতে পারিবেন।
- (৪) দরদাতা তফসিলভুক্ত এক বা একাধিক ক্রমিকের সম্পত্তির জন্য দরপত্র দাখিল করিতে পারিবেন তবে একই ক্রমিকের সম্পত্তির আংশিক এর জন্য দরপত্র গ্রহণযোগ্য হইবে না।
- (৫) দাখিলকৃত দরপত্রে সম্পত্তির প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিকভাবে অপর্যাপ্ত বা কম প্রতীয়মান হইলে নিম্নস্বাক্ষরকারী উক্ত দর প্রস্তাব অগ্রাহ্য করিতে পারিবেন।
- (৬) ব্যাংক কর্তৃপক্ষ সফল দরদাতার অনুকূলে নিলামকৃত সম্পত্তি রেজিস্ট্রি দলিলমূলে হস্তান্তর করিবেন। তবে দলিল রেজিস্ট্রি সংক্রান্ত যাবতীয় খরচ যেমন- রেজিস্ট্রেশন ফি, স্ট্যাম্প ডিউটি, বিবিধ ব্যয়সহ অন্যান্য প্রযোজ্য শুল্ক প্রভৃতি দরদাতাকেই বহন করিতে হইবে।
- (৭) দরপত্রের মাধ্যমে নিলামে অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তিগণকে বিস্তারিত তথ্য অবগত হইবার জন্য নিম্ন স্বাক্ষরকারীর অফিসে যোগাযোগ করিতে পারিবেন।
- (৮) ব্যাংক কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র বা সকল দরপত্র গ্রহণ বা বাতিল করিবার ক্ষমতা সংরক্ষণ করিবেন।

ব্যবস্থাপক,
ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ,
বগুড়া শাখা, বগুড়া।